৫৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL. 26 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

# তরুণী উত্ত্যক্ত করা নিয়ে ঢাকা কলেজ ছাত্রদের সঙ্গে ব্যবসায়ীদের সংঘর্ষ

স্টাফ রিপোর্টার ॥ তরুণীদের উত্ত্যক্ত করা নিয়ে ঢাকা কলেজের ছাত্রদের সঙ্গে ব্যবসায়ীদের সংঘর্ষ হয়েছে। রবিবার রাতে বিক্ষুব্ধ ছাত্ররা নিউমার্কেটের সামনে বেশ কয়েকটি গাড়ি ভাংচুর করেছে। পুলিশ বলেছে, ঢাকা কলেজের কতিপয় ছাত্র নিউমার্কেটের ভিতরে কয়েকজন তরুণীকে উত্ত্যক্ত করে। ব্যবসায়ীরা এই ঘটনার প্রতিবাদ করলে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষে মার খেয়ে ছাত্ররা ফিরে এসে কলেজ হোস্টেলে খবর দেয়। পরে তারা দলে ভারি হয়ে নিউমার্কেটের সামনে গিয়ে গাড়ি ভাংচুর করে। সংবাদ পেয়ে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।